# মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ২০৭৩

পর্ব-৭: সওম (রোযা) (كتاب الصوم)

পরিচ্ছেদঃ ৬. তৃতীয় অনুচ্ছেদ - নফল সিয়াম প্রসঙ্গে

আরবী

وَعَنْ أَبِي هُرَيْرَةَ رَضِيَ اللَّهُ عَنْهُ أَنَّ النَّبِيَّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: كَانَ يَصُومُ يَوْمَ الِاثْنَيْنِ وَالْخَمِيسِ. فَقِيلَ: يَا رَسُولَ اللَّهِ إِنَّكَ تَصُومُ يَوْمَ الِاثْنَيْنِ وَالْخَمِيسِ. فَقَالَ: إِنَّ يَوْمَ الِاثْنَيْنِ وَالْخَمِيسِ يَغْفِرُ اللَّهُ فِيهِمَا لِكُلِّ مُسْلِمٍ إِلَّا ذَا هَاجِرَيْنِ يَقُولُ: دَعْهُمَا حَتَّى يصطلحا . رَوَاهُ أَحْمد وَابْن مَاجَه

বাংলা

২০৭৩-[৩৮] আবূ হুরায়রাহ্ (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম সোমবার ও বৃহস্পতিবার সওম রাখতেন। তাঁর কাছে আরয করা হলো, হে আল্লাহর রসূল! আপনি অধিকাংশ সময়ই সোম ও বৃহস্পতিবার সওম রাখেন। তিনি (সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম) বললেন, সোম ও বৃহস্পতিবার হলো ঐ দিন, যেদিন আল্লাহ তা’আলা প্রত্যেক মুসলিমকে মাফ করে দেন। কিন্তু ওদেরকে মাফ করে দেন না যারা সম্পর্কচ্ছেদ করে রাখে। তাদের ব্যাপারে আল্লাহ তা’আলা মালায়িকাহ্ (ফেরেশতা)-কে (ফেরেশতাগণকে) বলেন, ওদেরকে ছেড়ে দাও যে পর্যন্ত তারা পরস্পর সম্পর্ক ঠিক করে নেয় (এরপর তাদেরকে মাফ করে দেয়া হবে)। (আহমদ, ইবনু মাজাহ)[1]

ফুটনোট

[1] সহীহ : ইবনু মাজাহ ১৭৪০, সহীহ আল জামি‘ ২২৭৮, সহীহ আত্ তারগীব ১০৪২।

ব্যাখ্যা

ব্যাখ্যা: সহীহ মুসলিমের শব্দে রয়েছে যে, নাবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ সোম ও বৃহস্পতিবারে ‘আমলনামা উঠানো হয়, আর আল্লাহ তা‘আলা উক্ত দিনে ঐ সকল লোকদেরকে ক্ষমা করেন যারা আল্লাহর সাথে কাউকে শারীক করেনি। আর ঐ ব্যক্তি ছাড়া যার মাঝে তার মুসলিম ভাইয়ের বিদ্বেষ রয়েছে। অতঃপর আল্লাহ তা‘আলা মালায়িকাহ্ (ফেরেশতা)-কে (ফেরেশতাদের) বলেন, তারা সংশোধন না হওয়া পর্যন্ত তাদের পরিত্যাগ

কর। অর্থাৎ- তাদের ‘আমলনামা উঠাইও না। আর মুসলিম-এর অপর বর্ণনায় ও আহমাদ-এ (২/২৬৮, ৩৭৯, ৪০০, ৪৬৫ পৃঃ) রয়েছে যে, সোম এবং বৃহস্পতিবারে জান্নাতের দরজাগুলো খুলে দেয়া হয়।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

---

পাবলিশারঃ হাদিস একাডেমি

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=56633

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন